মডেল টেস্ট-০১

খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১. শ্রেণিকক্ষে শিক্ষক 'ঈশ্বর' এর সৃষ্টি সম্পর্কে আলোচনা করছেন। তিনি মানুষকে কী কী দিয়ে সৃষ্টি করেছেন?

ক. দেহ, বায়ু ও পানি　খ. আত্মা, আগুন ও মন
গ. দেহ, মন ও আত্মা　ঘ. মন, বায়ু ও পানি

২. দেহ, মন ও আত্মা এই তিনটি মিলে একজন মানুষ। এই তিনটি সম্পর্কে কে অবগত আছেন?

ক. মানুষ　খ. দেবতা
গ. ঈশ্বর　ঘ. সবাই

৩. তুমি তোমার বন্ধুর হাত স্পর্শ করতে পার। কিন্তু কোনটি স্পর্শ করতে পার না?

ক. চোঁখ　খ. কপাল
গ. চুল　ঘ. মন

৪. মানুষ চিন্তা, পরিকল্পনা, পড়াশুনা, পরামর্শ, আবিষ্কার ইত্যাদি করতে পারে। এসব কাজ মানুষ কী দিয়ে করে?

ক. দেহ　খ. শক্তি
গ. মন　ঘ. অর্থ

৫. তোমার ভেতর এমন কিছু আছে, যা অমর এবং মৃত্যুর পর তা ঈশ্বরের কাছে চলে যাবে। এটি কী?

ক. আত্মা　খ. মন
গ. দেহ　ঘ. রক্ত

৬. গীর্জায় পুরোহিত বলেছেন 'একমাত্র তিনিই অনাদি ও অনন্ত।' পুরোহিত কার কথা বলছেন?

ক. যীশু　খ. ঈশ্বর
গ. মোশী　ঘ. আব্রাহাম

৭. মাইকেল পবিত্র বাইবেল পাঠ করতে চায়। তার কীভাবে পবিত্র বাইবেল পাঠ করা উচিত?

ক. ভক্তিসহকারে　খ. যুক্তিসহকারে
গ. অপবিত্র অবস্থায়　ঘ. অর্থ পূর্ণভাবে

৮. তুমি ঈশ্বরের সান্নিধ্যে শাশ্বত জীবন লাভ করতে চাও। নিচের কোনটি গ্রহণ করলে তুমি এই জীবন লাভ করতে পারবে?

ক. যীশুর দেহ ও রক্ত　খ. যীশুর বস্ত্র
গ. যীশুর রুটি　ঘ. যীশুর রক্ত

৯. তোমার বন্ধু ঢিল ছুঁড়ে একটি ভেড়াকে আঘাত করলো, তুমি তাকে কী উপদেশ দিবে?

ক. সদা সত্য কথা বলবে
খ. কখনো চুরি করবে না
গ. পাপের ফল হলো মৃত্যু
ঘ. নিয়মিত লেখা-পড়া করবে

১০. বাষ্প, বরফ ও পানি। পানির এই তিনরূপকে তুমি নিচের কোনটির সাথে মেলাতে পার?

ক. বাবা, মা ও সন্তান
খ. পিতা, পুত্র ও পবিত্র আত্মা
গ. দেহ, মন ও অক্সিজেন
ঘ. আমি, তুমি ও সে

১১. তোমার পিতা আলমারিতে কতগুলি বই সাজাচ্ছেন। এক্ষেত্রে তুমি কী করবে?

ক. চুপ করে বসে থাকবে
খ. কোথায়ও খেলতে যাবে
গ. পিতাকে বই সাজাতে সাহায্য করবে
ঘ. বই নিয়ে পড়তে বসবে

১২. সকলেই পরিবারের সুখ শান্তি কামনা করে। এর জন্য তুমি কী কামনা করবে?

ক. অর্থ　খ. একতা
গ. ভাল খাবার　ঘ. দামী কাপড়

১৩. শ্রেণিকক্ষে শিক্ষক এমন একজন মহান নেতা সম্পর্কে বলছিলেন, যিনি দেশকে স্বাধীন করার জন্য সংগ্রাম করেছিলেন এবং 'অহিংস নীতি' গড়ে তুলেছিলেন। শিক্ষক কার কথা বলছিলেন?

ক. মহাত্মা গান্ধী　খ. নেলসন ম্যান্ডেলা
গ. মার্টিন লুথার কিং　ঘ. আব্রাহাম লিঙ্কন

১৪. তোমার মহল্লার একটি ছেলে কোমল ও উদার প্রকৃতির এবং সে মেষ পালনের কাজ করে। তুমি কার সাথে তাকে তুলনা করবে?

ক. কায়িন　খ. আবেল
গ. আদম　ঘ. হবা

১৫. তুমি এবং তোমার বন্ধু ঘুড়ি উড়াতে গেলে, তোমারটি উড়ল কিন্তু তোমার বন্ধুরটি উড়াতে পারল না। বন্ধুটির মুখ রাগে, দুঃখে ও হিংসায় ভারী হয়ে গেল। বন্ধুটি নিম্নের কার মতো আচরণ করল?

ক. আবের　খ. কায়িন
গ. আদম　ঘ. গাব্রিয়েল

১৬. ঈশ্বরের ইচ্ছা বুঝতে পারেন এবং তাঁর বাণী মানুষের মাঝে পৌঁছে দেন, এমন কাউকে কী বলা হয়?

ক. শিক্ষক　খ. প্রবক্তা
গ. ডাক্তার　ঘ. কৃষক

১৭. যে ব্যক্তি ঈশ্বরের বাণীর আলোতে অতীতের বিষয় ধ্যান করে তার যুগের ঘটনাবলির গভীর তাৎপর্য আবিষ্কার করেন। তাকে তুমি কী বলবে?

ক. ঈশ্বর　খ. প্রবক্তা
গ. যীশু　ঘ. যাজক

১৮. ঈশ্বর আমাদের ভালোবাসার বিধান দিয়েছেন। তিনি এটি কাঁর মাধ্যমে আমাদের দিয়েছেন?

ক. দানিয়েল　খ. যোহন
গ. মোশী　ঘ. আব্রাহাম

১৯. একজন সহপাঠীকে তোমার ভালো লেগেছে। তার সাথে বন্ধুত্ব করতে চাও। কী দিয়ে তার সাথে বন্ধুত্ব করবে?

ক. শক্তি　খ. ভালোবাসা
গ. অর্থ　ঘ. সাহস

http://teachingbd.com

২০. মুক্তি বা পরিত্রাণ অর্থ কোনো বিপদ বা দুরবস্থা থেকে রক্ষা পাওয়া। খ্রিষ্টীয় বিশ্বাসের জীবনে এর অর্থ কী?
ক. পরিত্রাণ পাওয়া
খ. পাপের দাসত্ব থেকে মুক্ত হওয়া
গ. অর্থনৈতিক মুক্তি ঘ. রাজনৈতিক মুক্তি

২১. একজন ব্যক্তির পাপের ফলে গোটা মানবজাতির স্বর্গে প্রবেশের দ্বার বন্ধ হয়েছিল। তিনি কে?
ক. দাউদের খ. আদি পিতার
গ. যীশুর ঘ. পলের

২২. দীর্ঘদিন মানবজাতি একজন মুক্তিদাতার অপেক্ষায় ছিল। যিনি এসে মৃত্যুকে জয় করে মানুষকে পাপের দাসত্ব থেকে মুক্ত করেছেন। কে সেই মুক্তিদাতা?
ক. মোশী খ. যোহন
গ. যীশু ঘ. নাথান

২৩. যীশুকে কেন আমরা অনুসরণ করব?
ক. যে কোনো প্রয়োজনে তার সাহায্য পাব
খ. তিনি হলেন ঈশ্বর
গ. তিনি ঈশ্বরের পুত্র
ঘ. তিনি ভাল গল্প বলতে পারতেন

২৪. দীক্ষাস্নানের সময় পবিত্র আত্মাকে আমরা অন্তরে লাভ করি, পবিত্র আত্মা কী?
ক. যীশুর আত্মা খ. ঈশ্বরের আত্মা
গ. মৃত মানুষের আত্মা ঘ. স্বর্গ হতে আস্য আত্মা

২৫. তুমি তোমার বন্ধুকে একটি ফুল উপহার দিলে। এখানে তুমি কিসের প্রকাশ ঘটালে?
ক. ভালোবাসা খ. দুঃখ
গ. অভিমান ঘ. রাগ

২৬. যীশু মানবজাতির পরিত্রাণের জন্য ঈশ্বর দ্বারা প্রেরিত হয়ে পৃথিবীতে এসেছেন। তিনি যে পরিত্রাণ কর্ম সাধন করেছেন তা সারা পৃথিবীতে প্রচারের জন্য কাদের প্রেরণ করেছিলেন?
ক. ইহুদিদের খ. জেরুজালেমবাসীদের
গ. শিষ্যদের ঘ. ইয়াতীমদের

২৭. যীশু মানুষের মুক্তিপণ হিসাবে নিজের প্রাণ বিসর্জন দিয়েছিলেন। তিনি প্রেরিত শিষ্যদের কোন উদ্দেশ্যে মানুষের কাছে পাঠিয়েছিলেন?
ক. গোলামী করার উদ্দেশ্যে খ. সেবা করার উদ্দেশ্যে
গ. ভোগ করার উদ্দেশ্যে ঘ. নিষ্কর্ম করার উদ্দেশ্যে

২৮. একটি সাক্রামেন্ত গ্রহণের মাধ্যমে রোগীরা তাদের জীবনে ঈশ্বরের কৃপা ও আশীর্বাদ লাভ করেন। উক্ত সাক্রামেন্ত কোনটি?
ক. যাজকবরণ সাক্রামেন্ত খ. অন্তিমলেপন সাক্রামেন্ত
গ. পাপস্বীকার সাক্রামেন্ত ঘ. হস্তার্পণ সাক্রামেন্ত

২৯. রোগীলেপন হলো অন্যতম একটি সাক্রামেন্ত। এটি গ্রহণের মধ্য দিয়ে রোগীরা ঈশ্বরের কাছ থেকে কী লাভ করতে পারে?
ক. কৃপা ও আশীর্বাদ খ. আদর ও স্নেহ
গ. ভালোবাসা ঘ. আশীর্বাদ

৩০. গীর্জায় পুরোহিত পবিত্র বাইবেল হতে এমন একজন মহীয়সী নারী সম্পর্কে আলোচনা করেছেন যিনি ছিলেন মোয়াবী কন্যা এবং রাজা দাউদ-এর ঠাকুরমা। পুরোহিত কোন নারীটি সম্পর্কে বলছিলেন?
ক. অর্পা খ. মারীয়া গ. সারা ঘ. রুথ

৩১. বিধবা হওয়ার পর রুথ তাঁর শাশুড়ি নয়েমীকে ছেড়ে যেতে রাজী হলেন না। রুথ তাকে উত্তর দিলেন: "তুমি যেখানে যাবে আমিও সেখানে যাব। তোমার ঈশ্বর হবে আমার আপন ঈশ্বর"। এখানে রুথের কোন গুণাবলিটি প্রকাশ পায়?
ক. সহনশীলতা খ. উদারতা
গ. বিশ্বস্ততা ঘ. সাহসিকতা

৩২. শ্রেণিকক্ষে শিক্ষক এমন একজন মহান নেতা সম্পর্কে আলোচনা করেছেন যিনি দক্ষিণ আফ্রিকার ট্রান্সকাই শহরে জন্মগ্রহণ করেন এবং জনগণের মুক্তি ও সংগ্রামের জন্য আজীবন সংগ্রাম চালিয়েছেন। শিক্ষক কার সম্পর্কে বলছিলেন?
ক. মার্টিন লুথার কিং খ. হুগো শাভেজ
গ. নেলসন ম্যান্ডেলা ঘ. মহাত্মা গান্ধী

৩৩. ম্যান্ডেলার পিতা গাডলা হেনরী ম্যান্ডেলা থেমবু উপজাতি গোষ্ঠীর প্রধান পরামর্শক ছিলেন। ম্যান্ডেলা কত বছর বয়সে পিতৃহারা হন?
ক. দশ বছর খ. নয় বছর
গ. আট বছর ঘ. সাত বছর

৩৪. পৃথিবীতে আমরা এসেছি ঈশ্বরের ইচ্ছায়। তাঁর পুত্র যীশু খ্রিষ্ট হলেন আমাদের সামনে তাঁর দেখানো পথ। তাঁর পুত্রের পথ অনুসরণ করলে আমরা শেষ বিচারে কী লাভ করবো?
ক. অনন্ত বিরহ খ. অনন্ত অর্থ
গ. অনন্ত পুরষ্কার ঘ. অনন্ত কষ্ট

৩৫. বিচারক নিউটন পিনার দীন-দুঃখী ও অবহেলিত মানুষদের সেবা করেন। যীশু শেষ বিচারের দিন তাকে কী করবেন?
ক. নরকে পাঠাবেন খ. তিরস্কার করবেন
গ. স্বর্গে পাঠাবেন ঘ. বন্দি করে রাখবেন

৩৬. বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রতিবছর এ দেশে নানা রকম প্রাকৃতিক দুর্যোগ ঘটে থাকে। এসবের মধ্যে অন্যতম দুর্যোগ কী কী?
ক. টর্নেডো ও ঘূর্ণিঝড় খ. জোয়ার ও ভাটা
গ. চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ ঘ. বৃষ্টি ও খরা

৩৭. বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। এ দেশে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগগুলোর অন্যতম প্রধান কোনটি?
ক. সিডর খ. জলোচ্ছ্বাস
গ. সুনামি ঘ. ঘূর্ণিঝড়

৩৮. ঈশ্বর মোশীর মধ্য দিয়ে আমাদের দশ আজ্ঞা দিয়েছেন। ঈশ্বরের দেয়া এই আজ্ঞাগুলোর মূলকথা কী?
ক. প্রার্থনা করা খ. কর্তব্য পালন করা
গ. ভালোবাসা ঘ. পরোপকার করা

৩৯. ১৯৭১ খ্রিষ্টাব্দে মুক্তিযুদ্ধে অনেক খ্রিষ্টান প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণ করেছেন। এই যুদ্ধে কতজন পুরোহিত শহিদ হয়েছেন?
ক. নয়জন খ. সাতজন
গ. পাঁচজন ঘ. তিনজন

৪০. মৃত্যুর সময় তোমার আত্মা কার কাছে যাবে?
ক. স্বর্গদূতদের খ. দিয়াবলের
গ. ঈশ্বরের ঘ. ধার্মিকদের

৪১. ঈশ্বরের সকল কাজ ও সৃষ্টির জন্য আমরা কী করে থাকি?
ক. তাঁর নিন্দা খ. তাঁর প্রশংসা
গ. তাঁর গৌরব ঘ. তাঁর স্তুতিবাদ

Teachingbd.com

৪২. পিতা, পুত্র ও পবিত্র আত্মার মধ্যে কী বিরাজ করে?
ক. হিংসা খ. একতা গ. শান্তি ঘ. ঘৃণা

৪৩. যারা আমাদের ভালোবাসে না তাদের জন্য কী করা দরকার?
ক. দয়া খ. মায়া
গ. করুণা ঘ. ভালোবাসা

৪৪. প্রবক্তা ঈশ্বর সম্পর্কে যা উপলব্ধি করেন তা কিসের মাধ্যমে প্রকাশ করেন?
ক. গল্পের খ. উপমার
গ. ছড়ার ঘ. কৌতুকের

৪৫. নিচের কোনটি পিতামাতার প্রতি সন্তান সুলভ কর্তব্য?
ক. তাঁদের সম্পত্তি রক্ষা করা
খ. সবসময় তাদের সঙ্গে থাকা
গ. তাঁদের বাধ্য থাকা
ঘ. তাঁদের বৃদ্ধাশ্রমে রাখা

৪৬. মুক্তিদাতার আগমন সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছেন কোন প্রবক্তা?
ক. ইসাইয়া খ. মিখা
গ. হগয় ঘ. যোনা

৪৭. মৃত্যুদণ্ড পাবার পর শত্রুরা যীশুর কাঁধে কী চাপিয়ে দিয়েছিল?
ক. বড় একটি পাথর খ. কাঁটার মুকুট
গ. বড় এক টুকরা কাঠ
ঘ. অতি ভারী একটি ক্রুশ

৪৮. নিচের কোনগুলো পবিত্রআত্মার অনুপ্রেরণা?
ক. কোমলতা, হিংসা ও দয়া
খ. আনন্দ, করুণা ও ঈর্ষা
গ. কোমলতা, বিশ্বস্ততা ও সহৃদয়তা
ঘ. আত্মসংযম, শান্তি ও রাগারাগি

৪৯. নিচের কোনটি মণ্ডলীর একটি প্রধান সেবাকাজ?
ক. শিক্ষা খ. দারিদ্র্য বিমোচন
গ. ত্রাণ বিতরণ ঘ. পরিবেশ রক্ষা

৫০. কোনটি সমাজের প্রাণকেন্দ্র?
ক. স্কুল খ. কলেজ
গ. মক্তব ঘ. পরিবার

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১× ১৫ = ১৫

ক. ঈশ্বরকে ভালোবাসতে হলে তুমি কোন কাজটি করবে?
খ. তুমি হৃদয় পবিত্র করতে চাও। এর জন্য তোমাকে কী গ্রহণ করতে হবে?
গ. টয়লেট, বেসিন ইত্যাদি আমরা ব্যবহার করি। এগুলো ব্যবহারের পর কী করতে হবে?
ঘ. তুমি কোন কাজ করলে ঈশ্বরের সামনে মাথা উঁচু করে দাঁড়াতে পারবে?
ঙ. এমন একজন প্রবক্তা ছিলেন, যার সাহায্যে রাজা দাউদ মন পরিবর্তন করে শুদ্ধ হয়েছিলেন। তিনি কে?
চ. পিতামাতা কঠোর পরিশ্রম করে আমাদের লালন-পালন করেছেন। তাঁদের সঙ্গে কেমন ব্যবহার করতে হবে?
ছ. খ্রিষ্টীয় বিশ্বাসের জীবনে পরিত্রাণ বা মুক্তি বলতে আমরা কী বুঝি?
জ. আমরা কখন যীশুর পুনরুত্থানকে নিজের জীবনে দেখতে পাই?
ঝ. স্বর্গারোহণের পূর্বে যীশু তাঁর শিষ্যদের প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি কি প্রতিশ্রুতি দিয়েছিলেন?
ঞ. মানুষ স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি। স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি হিসেবে আমাদের কী করা উচিত?
ট. কে রোগীলেপন সাক্রামেন্ত প্রদান করতে পারে?
ঠ. রুথ কোন দেশের নারী ছিলেন?
ড. নেলসন কোন শহরে জন্মগ্রহণ করেন?
ঢ. পরিবারের সবাইকে নিয়ে কী করতে পারি?
ণ. দুর্যোগের সময় খ্রিস্টের শিক্ষা অনুসারে কী করণীয়?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও :- ৫×৭ = ৩৫

ক. তুমি এমন এক সর্বশক্তিমানের আরাধনা কর যিনি আমাদের সৃষ্টিকর্তা ও পালনকর্তা। এই সর্বশক্তিমান কে? তিনি কোথায় আছেন? তাঁর সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫,

খ. তোমার বন্ধু ঈশ্বরের সর্বত্র উপস্থিতির বিষয়ে জানতে চাইলে শিক্ষক তাকে পাঠ্যবইয়ের একটি সংগীত পাঠ করতে বললেন। শিক্ষক তোমার বন্ধুকে কোন সংগীতটি পাঠের কথা বলেছেন? সংগীতটির রচয়িতা কে? উক্ত সংগীতের প্রথম ৩টি লাইন লেখ। ১+১+৩=৫

গ. শ্রেণি শিক্ষক এমন দু'জন মহান ব্যক্তির কথা আলোচনা করছিলেন, যাদের কাছ থেকে আমরা পবিত্র ত্রিত্বের শিক্ষা নিতে পারি। তাঁরা দু'জনই 'অহিংস নীতি' গড়ে তুলেছিলেন। শিক্ষক কোন দুইজন মহান ব্যক্তির কথা বলেছেন? তাঁরা কেন 'অহিংস নীতির' অনুসরণ করেছিলেন তা ৪টি বাক্যে লেখ। ১+১+৩=৫

ঘ. তোমার পরিচিত দুই ভাই যাদের মনোভাব ও আচরণ দুই রকম। একজন কঠিন প্রকৃতির এবং অন্যজন কোমল ও উদার। এই দুই ভাইকে তুমি কাদের সাথে তুলনা করতে পার। তাদের পেশা কী ছিল? তাদের মনোভাব ও আচরণের ৩টি করে পার্থক্য লেখ। ১+১+৩=৫

ঙ. খ্রিষ্টবিশ্বাসী হিসেবে তুমি ঈশ্বরকে উপলব্ধি করতে চাও এবং মানুষের কাছে ঈশ্বরের বাণী পৌছে দিতে চাও। এর জন্য তোমাকে কীসের ভূমিকা পালন করতে হবে? এ সম্পর্কে তোমার ধারণা ৪টি বাক্যে লেখ। ১+১+৩=৫

চ. তোমার বন্ধু পিতামাতাকে সম্মান করে, চুরি করে না, মিথ্যা সাক্ষ্য দেয় না। এরকম আরও অনেক আজ্ঞা সে পালন করে। তোমার বন্ধু কোন আজ্ঞাগুলো পালন করে? উক্ত আজ্ঞাগুলোকে কীসের বিধান বলা হয়? এ সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫

ছ. শিক্ষক বলছিলেন, ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি একজন মুক্তিদাতাকে পাঠিয়ে দেবেন যিনি পাপের দাসত্ব থেকে মানুষকে মুক্ত করবেন। শিক্ষক এখানে কার কথা বলেছিলেন? কারা মুক্তিদাতার অপেক্ষায় ছিল? মুক্তিদাতা কীভাবে মানুষকে মুক্ত করলেন তা ৩টি বাক্যে লেখ। ১+১+৩=৫

জ. তুমি এমন একজন সম্পর্কে জেনেছ যিনি অতি দীন বেশে গোয়াল ঘরে জন্মগ্রহণ করেন। যিনি আমাদের মুক্তিদাতা। মুক্তিদাতা কীভাবে আমাদের সঙ্গে সর্বদা রয়েছেন? আমরা কীভাবে তাঁর পুনরুত্থানকে নিজের জীবনে দেখতে পাই তা ৪টি বাক্যে লেখ। ১+১+৩=৫

ঝ. 'দেহের বশে চলা' কথাটির অর্থ কী? আমরা কেন দেহের বশে চলব না? পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলার তিনটি উপায় লেখ। ১+১+৩=৫

ঞ. সাক্রামেন্ত অনুসারে চলার পাঁচটি উপায় লেখ। ৫

Teachingbd.com

উত্তরমালা

১. ১. গ. দেহ, মন ও আত্মা; ২. গ. ঈশ্বর; ৩. ঘ. মন; ৪. গ. মন; ৫. ক. আত্মা; ৬. খ. ঈশ্বর; ৭. ক. ভক্তিসহকারে; ৮. ক. যীশুর দেহ ও রক্ত; ৯. গ. পাপের ফল হলো মৃত্যু; ১০. খ. পিতা, পুত্র ও পবিত্র আত্মা;. ১১. গ. পিতাকে বই সাজাতে সাহায্য করবে; ১২. খ. একতা; ১৩. ক. মহাত্মা গান্ধী; ১৪. খ. আবেল; ১৫. খ. কায়িন; ১৬. খ. প্রবক্তা; ১৭. খ. প্রবক্তা; ১৮. গ. মোশী; ১৯. খ. ভালোবাসা; ২০. খ. পাপের দাসত্ব থেকে মুক্ত হওয়া; ২১. খ. আদি পিতার; ২২. গ. যীশু; ২৩. ক. যে কোনো প্রয়োজনে তার সাহায্য পাব; ২৪. খ. ঈশ্বরের আত্মা; ২৫. ক. ভালোবাসা; ২৬. গ. শিষ্যদের; ২৭. খ. সেবা করার উদ্দেশ্যে; ২৮. খ. অন্তিমলেপন সাক্রামেন্ত; ২৯. ক. কৃপা ও আশীর্বাদ; ৩০. ঘ. রুথ; ৩১. গ. বিশ্বস্ততা; ৩২. গ. নেলসন ম্যান্ডেলা; ৩৩. খ. নয় বছর; ৩৪. গ. অনন্ত পুরস্কার; ৩৫. গ. স্বর্গে পাঠাবেন; ৩৬. ক. টর্নেডো ও ঘূর্ণিঝড়; ৩৭. ঘ. ঘূর্ণিঝড়; ৩৮. গ. ভালোবাসা; ৩৯. ঘ. তিনজন; ৪০. গ. ঈশ্বরের; ৪১. খ. তাঁর প্রশংসা; ৪২. খ. একতা; ৪৩. ঘ. ভালোবাসা; ৪৪. খ. উপমার; ৪৫. গ. তাঁদের বাধ্য থাকা; ৪৬. ক. ইসাইয়া; ৪৭. ঘ. অতি ভারী একটি ক্রুশ; ৪৮. গ. কোমলতা, বিশ্বস্ততা ও সহৃদয়তা; ৪৯. ক. শিক্ষা; ৫০. ঘ. পরিবার।

২. ক. ঈশ্বরকে ভালোবাসতে হলে আমি তাঁর সর্বশ্রেষ্ঠ সৃষ্টি মানুষকে ভালোবাসব।

খ. হৃদয় পবিত্র করার জন্য আমাকে সাক্রামেন্ত গ্রহণ করতে হবে।

গ. টয়লেট, বেসিন ইত্যাদি ব্যবহার করার পর অন্যদের ব্যবহারের জন্য তা পরিষ্কার করে রেখে আসতে হবে।

ঘ. ঈশ্বরের উদ্দেশ্যে ভালো দান করলে ঈশ্বরের সামনে মাথা উঁচু করে দাঁড়াতে পারব।

ঙ. তিনি হলেন প্রবক্তা নাথান

চ. পিতামাতার কথা মেনে চলতে হবে, সেবাযত্ন ও সম্মান করতে হবে।

ছ. খ্রিষ্টীয় বিশ্বাসের জীবনে পরিত্রাণ বা মুক্তি বলতে পাপের দাসত্ব থেকে মুক্ত হওয়া ও স্বর্গে যাওয়ার সুযোগ লাভ করাকে বুঝি।

জ. আমরা যখন প্রলোভনকে জয় করি তখন যীশুর পুনরুত্থানকে নিজের জীবনে দেখতে পাই।

ঝ. স্বর্গারোহণের পূর্বে যীশু একজন সহায়ককে পাঠিয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

ঞ. স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি হিসেবে আমাদের সকল মানবজাতির ভালোর জন্য কাজ করা উচিত।

ট. মণ্ডলীর প্রবীণরা অর্থাৎ যাজকরা রোগীলেপন সাক্রামেন্ত প্রদান করতে পারে।

ঠ. রুথ মোয়াব দেশের নারী ছিলেন।

ড. নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার ট্রান্সকাই শহরে জন্মগ্রহণ করেন।

ঢ. পরিবারের সকলকে নিয়ে সান্ধ্য প্রার্থনা করতে পারি।

ণ. দুর্যোগের সময় খ্রিস্টের শিক্ষা অনুসারে দুর্যোগ কবলিত আশ্রয়হীন, বস্ত্রহীন, ক্ষুধার্ত, তৃষ্ণার্ত, রোগপীড়িত মানুষের পাশে দাঁড়াতে হবে।

Teachingbd.com